সংগ্রাম

দৈনিক খবর

তারিখ 1 1 NOV 1992
পৃষ্ঠা ২ কলাম ৪

134

# কুষ্টিয়া কলেজে গুলী ককটেল ৪ ছাত্রলীগ নেতা আহত

কুষ্টিয়া, ১০ই নভেম্বর (ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে শাহজাহান সাজুর পাঠানো)।– আজ মঙ্গলবার দুপুরে ছাত্রদলের সশস্ত্র কর্মীরা কুষ্টিয়া কলেজে গুলী ও ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে। এ ঘটনায় ৪ জন ছাত্রলীগ নেতা আহত হয়েছেন।

হামলার সময় কুষ্টিয়া সরকারী কলেজে শহীদ নূর হোসেন স্মরণে আলোচনা সভা চলছিল। ছাত্রদলের হামলায় ছাত্রলীগের কেন্দ্রীয় সদস্য ও ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শাহজাহান সাজু, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক এম এল কবির তুহিন, আল ফিরোজ ও বীনা লায়লা আহত এবং শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক স্বপন কুমার ঘোষ লাঞ্ছিত হন।